VESUVIUS

SEC/SEBI/31 April 28, 2021

The Secretary
BSE Ltd
Phiroze Jeejeebhoy Towers
Dalal Street, Mumbai - 400 001

**Scrip code : 520113**

The Manager, Listing Department
National Stock Exchange of India Ltd
Exchange Plaza, 5th floor
Plot No C/1, Block "G",
Bandra-Kurla Complex, Bandra (E),
Mumbai 400 051
**Scrip Code : VESUVIUS**

Dear Sir

**Regulation 47 of the SEBI-LODR, 2015**

We enclose a copy of the newspaper notifications, made pursuant to Regulation 47 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, as follows :

| **Name of Newspaper** | | **Published on** |
|---|---|---|
| BUSINESS STANDARD (in English) | : | April 28, 2021 |
| SANBAD PRATIDIN (in Bengali) | : | April 28, 2021 |

Yours faithfully,

VESUVIUS INDIA LIMITED
Vikram Singh
Company Secretary

Enclo :

# EC bans victory processions after counting of votes

## Suite at Ashoka Hotel booked as Covid hospital for court staff

## India gets some medical supplies

## Explain rationale for differential vaccine pricing

## Return unused vax, govt tells private hospitals



VESUVIUS INDIA LTD

Regd Office: P-104 Taratala Road, Kolkata - 700088

**Statement of Standalone Unaudited Financial Results for the First Quarter ended on March 31, 2021**

₹ in lakhs

| Particulars | Quarter ended March 31, 2021 (Unaudited) | Quarter ended December 31, 2020 (Unaudited) | Quarter ended March 31, 2020 (Unaudited) | Financial year ended December 31, 2020 (Audited) |
|---|---|---|---|---|
| 1. Income from Operations | | | | |
| (a) Gross Sales / Revenue from operations | 24,784 | [illegible] | [illegible] | 75,731 |
| (b) Other Operating revenue | 86 | [illegible] | 72 | 820 |
| Total Income from Operations | 24,894 | 22,449 | 20,597 | 76,151 |
| 2. Other Income | 449 | 451 | 615 | 2,099 |
| 3. Total Income (1 + 2) | 25,343 | 22,877 | 21,172 | 81,249 |
| 4. Expenses | | | | |
| (a) Cost of materials consumed | 16,746 | 9,907 | 7,754 | 33,428 |
| (b) Purchase of stock-in-trade | 4,036 | 4,367 | 5,921 | 16,259 |
| (c) Changes in inventory of finished goods, work-in-progress and stock-in-trade | (246) | (173) | 40 | 256 |
| (d) Employee benefits expense | 1,868 | 1,394 | 1,744 | 6,457 |
| (e) Depreciation and amortisation expense | 648 | 708 | 878 | 2,824 |
| (f) Other expenses | 5,586 | 5,107 | 4,541 | 16,369 |
| Total Expenses | 23,146 | 21,209 | 19,676 | 74,284 |
| 5. Profit before tax (3-4) | 2,197 | 2,276 | 2,496 | 7,150 |
| 6. Tax expense | | | | |
| Current Tax | 547 | 551 | 595 | 2,042 |
| Deferred Tax | (3) | (99) | (88) | (210) |
| 7. Net Profit for the period (5-6) | 1,813 | 1,624 | 1,952 | 5,315 |
| 8. Other Comprehensive Income | | | | |
| (i) Items that will not be reclassified to profit or loss | (36) | | (30) | (164) |
| (ii) Income tax relating to items that will not be reclassified to profit or loss | 9 | | 8 | 35 |
| 9. Total Other Comprehensive Income (8(i) + 8(ii)) | (27) | | (22) | (140) |
| 10. Total Comprehensive Income (7 + 9) | 1,786 | 1,624 | 1,942 | 5,175 |
| 11. Paid up equity share capital (Face Value ₹ 10/- per share) | 2,030 | 2,030 | 2,030 | 2,030 |
| 12. Reserves excluding Revaluation reserve as per Balance sheet | | | | 92,1[illegible] |
| 13. Earnings per share (of ₹ 10/- each): (Not annualised) | | | | |
| a) Basic (₹) | 7.86 | 8.00 | 9.16 | 26.13 |
| b) Diluted (₹) | 7.84 | 8.00 | 9.15 | 26.11 |

On behalf of the Board of Directors
Vesuvius India Limited
Nitin Jain
Managing Director

Place: Kolkata
Date: April 27, 2021

# খেলা



**জরিমানা**

মাঠে বচসার জের, জ্লাটান ইব্রাহিমোভিচ আর রোমেলু লুকাকুর জরিমানা

**চুক্তি**

এরিক বেইলির সঙ্গে তিন বছরের চুক্তি করল ম্যাঞ্চেস্টার ইউনাইটেড



# সতর্ক পোচেত্তিনো, চ্যাম্পিয়ন্স লিগ যুদ্ধের আগে পেপের কথায় ইপিএল

**আজ শুরু থেকেই নামবেন এমবাপে**

**প্যারিস :** মেসকে ৩-১ গোলে হারিয়ে কোথায় লিগ শীর্ষে ওঠার অনন্দ করার কথা ছিল, তার পরিবর্তে পিএসজি কোচ পোচেত্তিনো চিন্তিত হয়ে পড়েছিলেন। আর চিন্তা করবেনই বা না কেন?

বুধবার চ্যাম্পিয়ন্স লিগের প্রথম সেমিফাইনালে ম্যাঞ্চেস্টার সিটির বিরুদ্ধে ঘরের মাঠে খেলতে নামবে পিএসজি। আর লিগের শেষ ম্যাচ জেতার পর থাইয়ে চোট পেয়ে খুঁড়িয়ে খুঁড়িয়ে মাঠ ছেড়েছিলেন কিলিয়ান এমবাপে।

স্বাভাবিক ভাবেই পোচেত্তিনোর কপালে চিন্তার ভাঁজ পড়ে গিয়েছিল। শেষ পর্যন্ত ম্যান সিটির বিরুদ্ধে পাওয়া যাবে তো এমবাপেকে? কারণ, লিগের শেষ ম্যাচে এমবাপের কাঁধে ভর দিয়ে ঘরোয়া লিগের শীর্ষে পৌঁছনোই শুধু নয়। শেষ ষোলোয় বার্সেলোনার বিরুদ্ধে চোটের জন্য যখন মাঠের বাইরে ছিলেন নেইমার। তখন একাই পিএসজিকে টেনে নিয়ে যান এমবাপে। মূলত তাঁর হ্যাটট্রিকেই বার্সেলোনাকে ৪-১ গোলে হারায় পিএসজি। ফিরতি লিগেও ১-১ গোলে অমীমাংসিত ম্যাচে পিএসজির গোলদাতার ছিলেন সেই তিনি। ফলে মাঞ্চেস্টার সিটির মতো দলের বিরুদ্ধে সেমিফাইনাল ম্যাচ খেলতে নামার আগে এমবাপের মতো ফুটবলার চোট পেলে কোচ স্বাভাবিক ভাবেই চিন্তিত হবেন।

তবে পিএসজি সমর্থকদের জন্য খুশির খবর, এমবাপেকে প্রথম দলে রেখেই বুধবারের দল সাজাচ্ছেন পোচেত্তিনো। এদিন তিনি বলেন, "চোট গুরুতর নয়। হালকা চোট হলেও যন্ত্রনাদায়ক। তবে মাচ সিটির বিরুদ্ধে মাঠে নামতে পারবে।"

এবারের চ্যাম্পিয়ন্স লিগে অসাধারণ ছন্দে রয়েছেন এই ফরাসি স্ট্রাইকার। ৮ গোল করে এই মুহূর্তে চ্যাম্পিয়ন্স লিগের দ্বিতীয় সর্বোচ্চ গোলদাতা।

সিটি এবং পিএসজি চ্যাম্পিয়ন্স লিগে নিজেদের মুখোমুখি হওয়ার আগে ঘরোয়া ফুটবলে দুই দলই শেষ সপ্তাহে দারুণ ফর্মে ছিল। টটেনহ্যামকে হারিয়ে সিটি জিতেছে ইএফএল কাপ। আর ঘরোয়া লিগে মেসকে ৩-১ গোলে হারিয়েছে পিএসজি। পর পর ঘরোয়া লিগ জিতলেও পিএসজি এখন পাখির চোখের মতো দেখছে চ্যাম্পিয়ন্স লিগকে। গত মরশুমে ফাইনালে পৌঁছেও ফাইনালে হারতে হয় বায়ার্ন মিউনিখের কাছে। বুধবার ম্যাচ খেলতে নামার আগে পোচেত্তিনো তাই বলছেন, "পিএসজি ১০ বছর ধরে অপেক্ষা করে রয়েছে চ্যাম্পিয়ন্স লিগ জেতার জন্য। আমরা সবাই মিলে কঠোর পরিশ্রম করছি, স্বপ্ন পূরণ করার জন্য।"

উল্টোদিকে শেষ চারের লড়াইয়ে নামার আগে পিএসজির কাছে নিজেদের আন্ডারডগ রাখার চেষ্টা করছেন সিটি কোচ পেপ গুয়ার্দেওলা। তাঁর কোচিংয়ে এই প্রথম সিটি চ্যাম্পিয়ন্স লিগের শেষ চারে পৌঁছেছে। বুধবার এরকম গুরুত্বপূর্ণ ম্যাচের আগে পেপ গুয়ার্দিওলা বলছেন, "আমার কাছে বেশি গুরুত্বপূর্ণ প্রিমিয়ার লিগের খেতাব! শেষ চারে যে জায়গায় আমরা পৌঁছেছি, তারজন্য সত্যিই আমরা খুশি। নিজেদের ট্যাকটিক্স দিয়ে অবশ্যই ম্যাচটা আমরা জেতার চেষ্টা করব। চ্যাম্পিয়ন্স লিগ সত্যিই অসধারণ। কিন্তু প্রিমিয়ার লিগ আমাদের জন্য বেশি গুরুত্বপূর্ণ।"





যুযুধান : আগুয়েরো আর নেমার।




চ্যাম্পিয়ন হওয়ার পর টিম মোহনবাগান। মঙ্গলবার সল্টলেকের যাদবপুর ক্যাম্পাসের মাঠে। —অচিন্ত্য রায়

# অভিমন্যুর ব্যাটিং দাপটে ওয়ান ডে চ্যাম্পিয়ন মোহনবাগান

**স্টাফ রিপোর্টার :** মোহনবাগান ড্রেসিংরুম থেকে ততক্ষণে চিৎকার শুরু হয়ে গিয়েছে....'ম্যাচটা এই ওভারেই শেষ করবি অভি।' স্কোরবোর্ড বলছে মোহনবাগানের জিততে আর দু' রান বাকি। ওই ওভারে ম্যাচটা শেষ না করলেও কিছু হত না। তখনও দুটো ওভার বাকি। তবে নির্ধারিত সময় শেষ হয়ে যাওয়ার পেনাল্টি পেত মোহনবাগান। ফাইনালেও চ্যাম্পিয়ন হয়ে যেত। কিন্তু সবুজ-মেরুন শিবির চাইছিল ওসব পেনাল্টিতে নয়, ম্যাচ তখনই শেষ করতে। অভিমন্যু ঈশ্বরণ করলেনও ঠিক তাই। একটা বিশাল ছক্কা। ভবানীপুরকে হারিয়ে সিনিয়র ওয়ান ডে'তে চ্যাম্পিয়ন মোহনবাগান।

জেসি মুখার্জি টি-টোয়েন্টির সেমিফাইনালে ইস্টবেঙ্গলের কাছে হারতে হয়েছিল। এই টুর্নামেন্টের সেমিফাইনালে সেই ইস্টবেঙ্গলকে হারানো। তারপর ফাইনালে ভবানীপুরের বিরুদ্ধে ছয় উইকেটে অনায়াসে জয়। টি-টোয়েন্টিতে হারের ক্ষতে কিছুটা যে প্রলেপ দেওয়া গেল, সেটা বলে দেওয়াই যায়। আর সবুজ-মেরুনের জয়ের নায়ক একজনই। অভিমন্যু ঈশ্বরণ। মাঝে অফ ফর্মের মধ্যে দিয়ে যেতে হয়েছিল। এখন সেই চেনা ফর্মে। কোয়ার্টার ফাইনালে সেঞ্চুরি করেছিলেন। এদিন ফাইনালে ১৪৪ বলে ১৬৭ নঃআঃ। সঙ্গে অনুষ্টুপ মজুমদার (৬৭ বলে ৬২)। মূলত এই দু'জনের জন্যই ২৮৯ রান তাড়া করতে নেমেও গোটা ইনিংসে একবারের জন্য মনে হয়নি মোহনবাগান চাপে রয়েছে। পার্টনারশিপে ১৫১ রান । সুদীপ চট্টোপাধ্যায়ও (৪০) বেশ ভাল ব্যাট করছিলেন। কিন্তু বড় রান এল না। সবমিলিয়ে দুর্দান্ত জয়ে ট্রফি ঘরের তুলল মোহনবাগান। অধিনায়ক অনুষ্টুপ বলছিলেন, "দারুণ লাগছে। ট্রফি জেতা সবসময়ই খুব তৃপ্তির। আমরা ভাল খেলেছি। টি-টোয়েন্টিতে ইস্টবেঙ্গলের কাছে হারের পর টিমের সঙ্গে বসেছিলাম। আমার মনে হয়েছিল ওরা বেশি চাপ নিয়ে ফেলছে। সেটাই ওদের বলেছিলাম। বাড়তি চাপ নেওয়ার দরকার নেই। নিজেদের স্বাভাবিক খেলাটা খেললেই হবে। ফাইনাল অভিমন্যু খুব ভাল ব্যাট করল। এই গরমে এরকম ইনিংস খেলা একেবারেই সহজ নয়।"

মোহনবাগান ক্রিকেট সচিব সম্রাট ভৌমিক পুরো টিমকে কৃতিত্ব দেওয়ার সঙ্গে সঙ্গে সিএবিকেও ধন্যবাদ জানিয়েছেন। একইসঙ্গে ধন্যবাদ দিয়েছেন মোহনবাগান সচিব সৃঞ্জয় বোসকে।

ক্রিকেট সচিব বলেন, "সিএবিকে ধন্যবাদ। এই পরিস্থিতিতেও ওরা টুর্নামেন্টগুলো করল। আর প্রত্যেকটা টুর্নামেন্ট সুষ্ঠভাবে করেছে। সিএবির প্রত্যেক সদস্যকে অভিনন্দন । ভাল লাগছে ট্রফি জিততে পেরে। তবে দুটো ট্রফিই জেতা উচিত ছিল। সেটা নিয়ে আর ভাবছি না। অভিমন্যুর ইনিংসটা খুব স্পেশাল। আরও একজনের কথা বলব। সচিব সৃঞ্জয় বোস। ওর সাপোর্ট ছাড়া এসব কিছুই সম্ভব হত না। এইরকম পরিস্থিতিতেও দুর্দান্ত একটা টিম হয়েছে আমাদের। প্রত্যেকটা ব্যাপারে ওর থেকে প্রচণ্ড সাহায্য পেয়েছি।"

এতক্ষণে একজনের কথা বলাই হয়নি। ইনি ভবানীপুরের অভিষেক দাস। সেমিফাইনালে দুর্দান্ত সেঞ্চুরি করে টিমকে ফাইনালে তুলেছিলেন। এদিন আবারও সেঞ্চুরি করলেন। কিন্তু আজ আর নায়ক নন, থাকতে হল ট্র্যাজিক নায়ক হয়েই!

# বায়ার্নের নতুন কোচ করা হল জুলিয়ানকে

**মিউনিখ :** জুলিয়ান নাগেলসমানকে নতুন কোচ করে আনল বায়ার্ন মিউনিখ। হ্যান্সি ফ্লিকের জায়গায় এলেন তিনি। আরবি লিপজিগ থেকে আসা জুলিয়ানের সঙ্গে পাঁচ বছরের চুক্তি হয়েছে। বিশাল অর্থের বিনিময়ে তাঁকে কোচ করে নিয়ে আসছে বুন্দেশলিগা চ্যাম্পিয়ন দল। লিপজিগকে তারজন্য ক্ষতিপূরণ দিতে হচ্ছে ২৫ মিলিয়ন ডলার। আসলে হান্সি ফ্লিক এই মরশুম শেষ হলেই বায়ার্ন ছাড়ার ইচ্ছে প্রকাশ করেছিলেন। জাতীয় দলের দায়িত্ব তাঁর হাতে তুলে দেওয়ার কথা। তাই ফ্লিকের ইচ্ছেকে মর্যাদা দিতে বায়ার্ন নতুন কোচ করে আনল জুলিয়ানকে। নতুন কোচ অবশ্য দায়িত্ব নেবেন ১ জুলাই থেকে। তার আগে দায়িত্ব সামলাবেন ফ্লিক।

বায়ার্নের প্রেসিডেন্ট হেইনার ক্লাবের নিজস্ব ওয়েবসাইটে অভিমত ব্যক্ত করতে গিয়ে বলেছেন, "কম বয়স। তবু কোচিং জীবন ঈর্ষনীয়। আমরা নিশ্চিত আগামী কয়েক বছর জুলিয়ানকে নিয়ে সাফল্যের পথ গড়ে তুলব।"

সঙ্গে আরও যোগ করেন, "হ্যান্সি ফ্লিককেও অসংখ্য ধন্যবাদ। ২০১৯-এ কঠিন সময়ে তিনি দলের দায়িত্ব নিয়েছিলেন। ছ'টি প্রতিযোগিতায় দলকে চ্যাম্পিয়ন করেছেন। কয়েকদিনের মধ্যে হয়তো সংখ্যাটা সপ্তমে গিয়ে দাঁড়াবে। এফসি বায়ার্নের ইতিহাসে তাঁর জায়গা সবসময়ের জন্য থাকবে। ভবিষ্যতের জন্য তাঁকে শুভেচ্ছা জানাই।"

ক্লাবের প্রাক্তন গোলকিপার তথা ভবিষ্যতের সিইও অলিভার কান বলেছেন, "পাঁচ বছরের চুক্তির ভিত্তিতে পরিষ্কার, বায়ার্নকে কতটা আন্তরিকতার সঙ্গে গ্রহণ করতে পেরেছে। ওকে অনেক শুভেচ্ছা। আশা করি বায়ার্ন কোচ হবে দারুণ সফল হবে। আর অনেক ট্রফি জিতবে।"



জুলিয়ান নাগেলসমান

**বুন্দেশলিগায় শালখের অবনমনের জের**

# সমর্থকদের আক্রমণে করোনা আক্রান্ত ফুটবলার

**স্টাফ রিপোর্টার :** দল অবনমনে। তার জন্য বিক্ষোভ সমর্থকদের। টিমকে আক্রমণ। তার জেরেই করোনা আক্রান্ত টিমের এক ফুটবলার সহ সাপোর্ট স্টাফ। এমনই ঘটনার সাক্ষী হয়ে থাকল জার্মানির এক ক্লাব।

শালখের এবারে পারফরম্যান্স খুব খারাপ। লিগে ৩০ ম্যাচ খেলে তাদের পয়েন্ট মাত্র ১৩। ইতিমধ্যেই তাদের অবনমন নিশ্চিত হয়ে গিয়েছে। যা নিয়ে বিক্ষোভ চলছে ক্লাবে।

সেই দেশের মিডিয়ার খবর অনুযায়ী, গত সপ্তাহে টিমের উপর নাকি আক্রমণ চালায় এক দল সমর্থক। তারপরই একজন ফুটবলার আর সাপোর্ট স্টাফের করোনা রিপোর্ট পজিটিভ আসে। দু'জনকেই কোয়ারান্টাইনে পাঠানো হয়েছে। তবে তাদের সেরকম কোনও উপসর্গ নেই।

সোমবার প্রত্যেকের পিসিআর টেস্ট করা হয়। ওই দু'জনের ছাড়া বাকি সবার রিপোর্ট নেগেটিভ এসেছে।

এদিন টিমের প্র্যাকটিস ছিল। তবে নিরাপত্তার কথা ভেবে, তা বাতিল করে দেওয়া হয়েছে। যা খবর, বুধবার আবার সবার টেস্ট করা হবে। রিপোর্ট আসার পরই বোঝা যাবে, কবে থেকে ট্রেনিং শুরু করা যাবে।

আর্মেনিয়া বেইলিফিডের কাছে হারের পরই শালখের অবনমন নিশ্চিত হয়ে যায়। তারপর সমর্থকরা ক্ষোভে ফেটে পড়েন আর হামলা চালায়। টিমের কো অর্ডিনেটর এক জার্মান ব্রডকাস্টারকে জানিয়েছেন, তাঁর এক সহকর্মীকে মাটিতে ফেলে ক্ষিপ্ত সমর্থকরা লাথি মারেন। জার্মান মিডিয়ার খবর অনুযায়ী বেশ কিছু ফুটবলারের উপরেও চড়াও হয়েছিলেন সমর্থকরা। যার জেরেই ওই ফুটবলার আর সাপোর্ট স্টাফ করোনা আক্রান্ত হয়েছেন বলে মনে করা হচ্ছে।

# ফরাসি ওপেনে নামছেন ফেডেরার

**প্যারিস :** দীর্ঘ প্রতিক্ষার অবসান। অবশেষে গ্র্যান্ড স্লামে নামছেন রজার ফেডেরার। পরের মাসে হবে ফরাসি ওপেন। সেখানেই তিনি খেলবেন। যদিও তাঁর আসল লক্ষ্য, উইম্বলডন। ফরাসি ওপেন থেকে তাই প্রস্তুতির কাজ শুরু করে দিতে চান তিনি। এমন মন্তব্য করেছেন ইএসপিএন-এর ধারাভাষ্যকার প্যাট্রিক ম্যাকেনরো।

হাঁটু অস্ত্রোপচার হওয়ায় দীর্ঘদিন তিনি টেনিস কোর্টের বাইরে ছিলেন। গত মাসে ফিরলেও এখনও তিনি স্বচ্ছন্দ নন। "যতক্ষণ না ভাল খেলছে বলে নিজেকে মনে করে তাহলে ও কখনও সকলের সামনে তুলে ধরার চেষ্টা করবে না। আমি মনে করছি না, টুর্নামেন্ট জেতার জায়গায় ও রয়েছে।" টেলিফোনে সংবাদ সংস্থাকে দেওয়া এক সাক্ষাৎকারে একথা জানিয়েছেন ম্যাকেনরো। সেই সঙ্গে ম্যাকেনরো বলতে চেয়েছেন, এখন ফেডেরারের একটাই লক্ষ্য ঘাসের ও হার্ডকোর্টে যতটা সম্ভব ম্যাচ খেলা। টেনিস মহলে সকলে জানে তাঁর ফেভারিট হল উইম্বলডন। এখানে তিনি আটবার জিতে রেকর্ড গড়েছেন। ইউএস ওপেনেও তাই। ৩৯ বছরের ফেডেরার তাই ফরাসি ওপেনে নেমে বুঝে নিতে চাইছেন, ঠিক কোথায় তিনি দাঁড়িয়ে। "যখন ফেডেরার চূড়ান্ত ফর্মে ছিল তখনও কিন্তু ক্লে কোর্টে তাকে বিশ্বের দ্বিতীয় সেরা বলে তুলে ধরা হত। তবে এই মুহূর্তে ওকে নিয়ে সেকথাও বলা ঠিক হবে না। বিশেষ করে দীর্ঘদিন বাইরে রয়েছে। কোর্টে না ফিরলে বোঝা মুশকিল যে কোন পরিস্থিতিতে রয়েছে।" বলেন ম্যাকেনরো। সম্প্রতি তিনি নেমেছিলেন কাতার ওপেনে। সেখানে কোয়ার্টার ফাইনালে হেরে বসেন। আপাতত তাঁর লক্ষ্য ক্লে কোর্টের জেনেভা ওপেনে খেলা।



রজার ফেডেরার।

# দল পাঠানো নিয়ে সংশয়

**স্টাফ রিপোর্টার :** পোল্যান্ডে হতে যাওয়া ওয়ার্ল্ড রিলেতে কি ভারতীয় মহিলা দল যাবে? মে মাসে প্রতিযোগিতা। অথচ মেয়েদের দল পাঠানো নিয়ে সংশয় তুঙ্গে। দলের অন্যতম তারকা অঞ্জলি দেবী এখনও ফিট নন। তাঁর যাওয়া নিয়ে সংশয় রয়েছে। এখনও তিনি ফিট হয়ে উঠতে পারেননি। অপর অ্যাথলিট জিসনা ম্যাথিউ চোট পেয়ে নিজেকে সরিয়ে নিয়েছেন। ফলে ওয়ার্ল্ড রিলেতে তাঁর নামা সম্ভব নয়। ফলে মেয়েদের রিলে দলকে পোল্যান্ডে পাঠানো নিয়ে দোটানায় পড়ে গিয়েছে অ্যাথলেটিক্স ফেডারেশন। অথচ এই মিটের গুরুত্ব অপরিসীম। যেহেতু এখানে ভাল পারফর্ম করলে টোকিও অলিম্পিকের ছাড়পত্র পাওয়া যেত।

# সিরাজের শেষ ওভারটাই জেতাল, বললেন বিরাট

**স্টাফ রিপোর্টার :** ম্যাচের পর বিরাট কোহলিকে দেখে বোঝা যাচ্ছিল, তিনি কতটা তৃপ্ত। গত ম্যাচে চেন্নাই সুপার কিংসের হারের পর শক্তিশালী দিল্লি ক্যাপিটালসের বিরুদ্ধে দুর্দান্ত কামব্যাক। বিরাট তাই ভীষণ খুশি। ম্যাচের পর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে এসে আরসিবি অধিনায়ক যা বললেন...

একটা সময় মনে হচ্ছিল ম্যাচটা বেরিয়ে গিয়েছে। কিন্তু সিরাজের শেষ ওভারটা আমাদের জেতাল। ওই ওভারটা আমাদের প্রচণ্ড আত্মবিশ্বাস দিয়েছে। তবে একটা কথা বলব, ফিল্ডিংয়ে যদি কয়েকটা ভুল না করতাম, তাহলে হয়তো ম্যাচটা এতদূর যেতই না। শেষ কয়েক ওভার, হেটমেয়ার যখন ব্যাট করছিল, সেটা ছাড়া ম্যাচটা আমাদের কন্ট্রোলেই ছিল। ভাগ্যক্রমে এদিন কোনও শিশির ছিল না। সেটা অনেকটাই পার্থক্য গড়ে দেয়। এবির কথা বলব। কী ব্যাটিং করল। দুর্দান্ত। শেষপাঁচ মাস ক্রিকেটের মধ্যে ছিল না। কিন্তু ওর ব্যাটিং দেখে সেটা একদমই বোঝা যাবে না। যেভাবে ব্যাট করছে, তা দেখে কে বলবে যে ও আর এখড় আন্তর্জাতিক ক্রিকেট খেলে না। দারুণ। আমাদের দলের বড় সম্পদ।"



ম্যাচ শেষে ঋষভকে বিরাট-সান্ত্বনা।


## ভিসুভিয়াস ইন্ডিয়া লিমিটেড

**রেজিঃ অফিস :** পি-১০৪ তারাতলা রোড, কলকাতা- ৭০০০৮৮
**ফোন :** (০৩৩) ৬১০৯-০৫০০, **ফ্যাক্স :** (০৩৩) ২৪০১ ৩৯৭৬ **সিআইএন নং :** এল২৬৯৩৩ডাব্লুবি১৯১৯পিএলসি০৫২৯৬৮
**ই-মেল :** vesuviusindia@vesuvius.com **ওয়েবসাইট :** www.vesuviusindia.com

**৩১ মার্চ, ২০২১ তারিখে শেষ হওয়া তিন মাসের জন্য স্ট্যান্ডঅ্যালোন অনিরীক্ষিত আর্থিক ফলাফলগুলির বিবৃতি**

₹ লক্ষ টাকায়

| বিবরণ | মার্চ ৩১, ২০২১ তারিখে শেষ হওয়া তিন মাস | ডিসেম্বর ৩১, ২০২০ তারিখে শেষ হওয়া তিন মাস | মার্চ ৩১, ২০২০ তারিখে শেষ হওয়া তিন মাস | ডিসেম্বর ৩১, ২০২০ তারিখে শেষ হওয়া আর্থিক বছর |
|---|---|---|---|---|
| (দ্রষ্টব্যগুলি নিম্নে উল্লেখিত) | (অনিরীক্ষিত) | (অনিরীক্ষিত) | (অনিরীক্ষিত) | (নিরীক্ষিত) |
| **১. কাজকর্ম থেকে আয়** | | | | |
| (ক) মোট বিক্রয়/কাজকর্ম থেকে আয় | ২৪,৭৬৪ | ২৩,৩৫১ | ২০,৫২৫ | ৭৮,৭৩১ |
| (খ) অন্যান্য কাজকর্ম থেকে আয় | ৯০ | ৯৫ | ৩২ | ৪২০ |
| **কাজকর্ম থেকে মোট আয়** | ২৪,৮৫৪ | ২৩,৪৪৬ | ২০,৫৫৭ | ৭৯,১৫১ |
| **২. অন্যান্য আয়** | ৪৪৯ | ৪৩১ | ৬১৫ | ২,০৯৮ |
| **৩. মোট আয় [ ১ + ২ ]** | ২৫,৩০৩ | ২৩,৮৭৭ | ২১,১৭২ | ৮১,২৪৯ |
| **৪. ব্যয়সমূহ** | | | | |
| (ক) ক্ষয়প্রাপ্ত উপাদানের মূল্য | ১০,৭৪৬ | ৯,৫৫৭ | ৭,৭৫৪ | ৩১,৪২৮ |
| (খ) স্টক-ইন-ট্রেডে ক্রয় ক্রয় | ৪,৫৩৯ | ৪,৯৮৭ | ৩,৯২১ | ১৫,২৫৮ |
| (গ) তৈরি পণ্য, কাজ চলছে এমন বর্ণনামূলক তালিকা ও ব্যবসা সংক্রান্ত স্টকের পরিবর্তন | (২৪৬) | (১৭০) | ৪০ | ২৫৯ |
| (ঘ) কর্মীদের সুযোগ সুবিধা সংক্রান্ত ব্যয় | ১,৯০৮ | ১,৩৮৪ | ১,৭৪৪ | ৬,৪৫৭ |
| (ঙ) অপচয় ও প্রতিপূরণের ব্যয় | ৬৪৯ | ৭০৯ | ৬৭৬ | ২,৬২৪ |
| (চ) অন্যান্য ব্যয় | ৫,৫৫০ | ৫,১৯১ | ৪,৫৪১ | ১৮,০৬৮ |
| **মোট ব্যয়** | ২৩,১৪৬ | ২১,৬৫৮ | ১৮,৬৭৬ | ৭৪,০৯৪ |
| **৫. কর পূর্ববর্তী লাভ [ ৩ - ৪ ]** | ২,১৫৭ | ২,২১৯ | ২,৪৯৬ | ৭,১৫৫ |
| **৬. করের জন্য ব্যয়** | | | | |
| (ক) বর্তমান কর | ৫৪৭ | ৬৯৩ | ৬৯০ | ২,০৬০ |
| (খ) স্থগিত রাখা কর | (৩) | (৯৮) | (৫৯) | (২১০) |
| **৭. কর পূর্ববর্তী লাভ [ ৫ - ৬ ]** | ১,৬১৩ | ১,৬২৪ | ১,৮৬৫ | ৫,৩০৫ |
| **৮. অন্যান্য সর্বাঙ্গীণ আয়** | | | | |
| ক. (i) আইটেমসমূহ যা লাভ অথবা ক্ষতি-তে পুনরায় শ্রেণিভুক্ত করা হবে না। | (৩৬) | - | (৩০) | (১৯৯) |
| (ii) লাভ অথবা ক্ষতি-তে পুনরায় শ্রেণিভুক্ত করা হবে না এমন আইটেমসমূহের সঙ্গে সম্পর্কিত আয়কর | ৯ | - | ৮ | ৫০ |
| **৯. মোট অন্যান্য সর্বাঙ্গীণ আয় [ ৮ (i) + ৮ (ii) ]** | (২৭) | - | (২২) | (১৪৯) |
| **১০. মোট সর্বাঙ্গীণ আয় [ ৭ + ৯ ]** | ১,৫৮৬ | ১,৬২৪ | ১,৮৪৩ | ৫,১৫৬ |
| **১১. আদায় প্রদত্ত ইকুইটি শেয়ার মূলধন** (অভিহিত মূল্য প্রতি শেয়ার ₹১০) | ২,০৩০ | ২,০৩০ | ২,০৩০ | ২,০৩০ |
| **১২. ব্যালান্সশিট অনুযায়ী পুনর্মূল্যায়ণের সংরক্ষিত অর্থাঙ্ক বাদ দিয়ে সংরক্ষিত অর্থাঙ্ক** | | | | ৮২,১৫০ |
| **১৩. শেয়ার প্রতি আয় (ব্যতিক্রমী আইটেমসমূহের পূর্বে ও পরে) (প্রতি ₹১০) : [বার্ষিকীকৃত নয়]** | | | | |
| (ক) মৌলিক (₹) | ৭.৯৫ | ৮.০০ | ৯.১৯ | ২৬.১৩ |
| (খ) মিশ্রিত (₹) | ৭.৯৫ | ৮.০০ | ৯.১৯ | ২৬.১৩ |

**দ্রষ্টব্য :**

১. কোম্পানি উৎপাদন ব্যবসার কাজে এবং রিফ্র্যাক্টরিজের একটি রেঞ্জের বিক্রয়ের সঙ্গে যুক্ত এবং ভারতে ইহার উৎপাদনের সুবিধা রয়েছে। কোম্পানির কর্মক্ষমতা একটি একক অপারেটিং সেগমেন্ট হিসাবে চিফ অপারেটিং ডিসিশন মেকার ('সিওডিএম') দ্বারা মূল্যায়িত এবং পর্যালোচিত হবে এবং সেই অনুযায়ী রিফ্র্যাক্টরিজের উৎপাদন ব্যবসা ও বিক্রয় হল একমাত্র অপারেটিং সেগমেন্ট।

২. ২০২০ সালের ৩১শে ডিসেম্বর তারিখে শেষ হওয়া ত্রৈমাসিকের তথ্য, ২০২০ সালের ৩১শে ডিসেম্বর তারিখে শেষ হওয়া সম্পূর্ণ আর্থিক বছরের প্রেক্ষিতে নীরিকিখত তথ্য এবং ২০২০ সালের ৩০শে সেপ্টেম্বরে শেষ হওয়া প্রকাশিত বছরের তৃতীয় ত্রৈমাসিকের শেষ হওয়া পর্যন্ত তথ্যের মধ্যে ভারসাম্য রক্ষাকারী তথ্য।

৩. এই অনিরীক্ষিত আর্থিক ফলাফলগুলি অডিট কমিটি কর্তৃক পর্যালোচিত হয়েছে এবং পরিচালক পর্ষদ কর্তৃক এপ্রিল ২৭, ২০২১ তারিখে অনুষ্ঠিত সভায় অনুমোদিত হয়েছে।

৪. ।এইসমস্ত অনীরিকিখত আর্থিক ফলাফলের ব্যাপারে কোম্পানির আইনসম্মত নীরিকখক দ্বারা, সীমাবদ্ধ পুনঃমূল্যায়ন করা হয়েছে এবং তিনি, এইসমস্ত ফলাফলের ব্যাপারে, অযোগ্য/ অপরিবর্তিত মতামত প্রকাশ করেছেন।

স্থান : কলকাতা
তারিখ : এপ্রিল ২৭, ২০২১

**ভিসুভিয়াস ইন্ডিয়া লিমিটেড-এর**
পরিচালকমণ্ডলীর পক্ষে
**নীতিন জৈন**
ম্যানেজিং ডিরেক্টর
(ডিন ০৭৯৩৪৫৬৬)

PRESSMAN